



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) কালিদাস রচিত মহাকাব্য ও খণ্ডকাব্যগুলি কী কী? তাঁর কাব্য-প্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো। ৫+১০
- (খ) 'বাল্মীকি রামায়ণ' থেকে কাহিনীসূত্র গৃহীত হলেও ভবভূতির 'উত্তর রামচরিত' তাঁর সৃজনী প্রতিভার মৌলিকতায় সংস্কৃত নাট্যসাহিত্যের অমূল্য সম্পদ' – মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫
- (গ) শূদ্রকের 'মৃচ্ছকটিক'-কে 'প্রকরণ' আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করে রচনাটির নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮
- ২। নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫
- (ক) মৃচ্ছকটিক
(খ) উত্তররামচরিত
(গ) কুমারসম্ভব
(ঘ) মেঘদূতম্
(ঙ) মহাবীরচরিত।
- ৩। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) শেকস্পীয়রের ট্রাজেডি নাটকগুলির নাম লেখো। তাঁর দুটি ট্রাজেডি নাটকের বিস্তৃত আলোচনা করো। ৩+৬+৬
- (খ) 'সুন্দর অথচ ব্যর্থ এক দেবদূত, শূন্যে ঝাপটাচ্ছেন তাঁর উজ্জ্বল ডানা' – কবি সম্বন্ধে এই উক্তিটি কতখানি প্রযোজ্য শেলি-র কবিতা অবলম্বনে তা পরিস্ফুট করো। ১৫
- (গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য 'বার্নার্ড শ' আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার? আলোচনা করো। ১৫
- ৪। নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫
- (ক) ম্যান অ্যাণ্ড সুপারম্যান
(খ) আইভান হো
(গ) মার্চেন্ট অফ ভেনিস
(ঘ) জন কীটসের "ওড"
(ঙ) ওড্ টু দ্য ওয়েস্ট উইণ্ড।

- ৫। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) উপন্যাস রচনায় প্রেমচাঁদের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। বাংলা উপন্যাসে তাঁর প্রভাব কতখানি তা লেখো। ১০+৫
- (খ) আঞ্চলিক উপন্যাস রচনায় ফনীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- (গ) মহাদেবী বর্মা-র কাব্যগ্রন্থগুলি অবলম্বনে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- ৬। নিম্নলিখিত যে-কোনো **দুটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×২ = ১০
- (ক) প্রেম-তরঙ্গ
(খ) গোদান
(গ) জুলুস
(ঘ) যামা
(ঙ) নিরুপমা
(চ) অতীত কে চলচিত্র।
- ৭। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা”- “অতিরিক্ত বস্তু”টি কী ? কীভাবে তা ‘কাব্যের আত্মা’ হয়ে উঠেছে, বুঝিয়ে বলো। ৩+১২
- (খ) “রীতিরাত্মা কাব্যস্য” – এই মন্তব্যটির ব্যাখ্যা করো এবং ‘কাব্যের আত্মা’ বিচারে রীতির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫
- (গ) বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে কীভাবে রস নিষ্পত্তি হয় তা বুঝিয়ে দাও। ১৫
- ৮। নিম্নলিখিত যে-কোনো **একটি** টীকা লেখোঃ ৫×১ = ৫
- (ক) বাচ্যার্থ
(খ) সাধারণীকরণ
(গ) সঞ্চারীভাব।
- ৯। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “চিত্র এবং সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ” – কোন্ রচনার অংশ ? কীভাবে চিত্র ও সঙ্গীত সাহিত্যের উপকরণ হয়ে উঠেছে তার ব্যাখ্যা করো। ২+১৩
- (খ) “অস্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ” – রবীন্দ্রনাথের ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টির প্রতি আলোকপাত করো। ১৫
- (গ) আধুনিক কবি বলিয়াছেনঃ “Truth is beauty, beauty is truth” — ‘আধুনিক কবি’ কে ? তাঁর প্রকৃত উক্তিটি কী ? লেখককৃত রূপান্তর কীভাবে প্রবন্ধে ব্যাখ্যাত হয়েছে তা দেখাও। ১+২+১২

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—×—